**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25–08–2024**
**Time: 07:51-08:00 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রাজনৈতিক প্রেক্ষিত বিহীন যুবাদের রাজনৈতিক অঙ্গনে প্রবেশের উপর গুরুত্ব আরোপ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ।**

**(২) রাজ্যের সামগ্রিক বন্যা পরিস্থিতির উন্নতি ঘটছে ।**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বন্যাদুর্গতদের রক্ষা করতে গিয়ে নিহত আগরতলার ইন্দ্রনগর এলাকার চিরঞ্জিত দে-র বাড়িতে যান এবং আর্থিক সহায়তা প্রদান করেন ।**

******************************************

**Maan ki baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, মহাকাশ ক্ষেত্রের সংস্কারের ফলে দেশের যুব সমাজ অনেক উপকৃত হয়েছে। আজ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, গত ২৩শে আগস্ট দেশবাসী প্রথম জাতীয় মহাকাশ দিবস উদযাপন করেছে এবং চন্দ্রযান-৩ -এর সাফল্য পালন করেছে। চলতি বছর লালকেল্লা থেকে তিনি রাজনৈতিক প্রেক্ষিত বিহীন এক লক্ষ যুবক-যুবতীকে রাজনৈতিক অঙ্গনে প্রবেশের যে আহ্বান

জানিয়েছিলেন তাতে বিপুল সাড়া পাওয়া গেছে বলে তিনি জনান। হর ঘর তিরঙ্গা প্রসঙ্গে তিনি বলেন, সারা দেশে স্বাধীনতা দিবস উদযাপন এখন সামাজিক উৎসবে পরিনত হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উল্লেখ করেন, আসামের তিনসুখিয়া জেলার বারেকুড়ি গ্রামের বাসিন্দারা উল্লুক বানর জাতীয় বন্যপ্রাণী রক্ষার ব্যতিক্রমী পদক্ষেপ গ্রহণ করেছেন, অন্যদিকে অরুনাচল প্রদেশের বন্যপ্রাণীদের সিং ও দাঁত শিকারীদের হাত থেকে রক্ষার জন্য থ্রি-ডি মুদ্রণ প্রযুক্তি ব্যবহৃত হচ্ছে। শ্রী মোদী জানান, আগামী কিছু দিনের মধ্যে প্যারিসে দিব্যাঙ্গদের প্যারা অলিম্পিক শুরু হবে। তাতে যোগদানকারী ভারতীয় খেলোয়ারদের উৎসাহিত করতে প্রধানমন্ত্রী দেশবাসীকে Cheer 4 Bharat হ্যাশট্যাগ করতে অনুরোধ জানিয়েছেন।

******************

**CM-Maan Ki Baat:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগরতলার বিজয়কুমার বালিকা বিদ্যালয়ে আজ আকাশবাণীতে প্রচারিত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির "মন কি বাত" অনুষ্ঠান শুনেন। উপস্থিত ছিলেন আগরতলার মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য প্রমুখ।

******************

**Janmastami:**

আগামীকাল শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী। এই উপলক্ষ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখর পৃথক বার্তায় দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষ্যে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

******************

**Flood situation -1**

রাজ্যের সামগ্রিক বন্যা পরিস্থিতির উন্নতি ঘটছে। রাজ্য সরকারের রাজস্ব দপ্তর থেকে আজ এক বিবৃতিতে জানানো হয়, অপেক্ষাকৃত কম বৃষ্টিপাত হওয়ায় ত্রিপুরার নদীগুলোর জলস্তর কমেছে, তবে সোনামুড়ায় গোমতী নদীর জলস্তর এখনও বিপদ সীমার উপর দিয়ে বইছে। মুখ্যমন্ত্রী প্রতিনিয়ত পরিস্থিতি পর্যালোচনা করছেন। এখনও পর্যন্ত রাজ্যে ৫২৫টি ত্রান শিবিরে ১ লক্ষ ১৭ হাজার লোক রয়েছেন। তাদের খাদ্য, পানীয় জল, স্বাস্থ্য সহায়তা ইত্যাদি জরুরী পরিসেবা দেওয়া হচ্ছে। ত্রান সরবরাহে এস ডি আর এফ-এর ৩টি এবং এন ডি আর এফ-এর ২টি দল নিয়োজিত রয়েছে। বিবৃতিতে জানানো হয়, বন্যায় রাজ্যে ২০ হাজার ৮৮৯টি ঘর নষ্ট হয়েছে। এর মধ্যে সম্পুর্নভাবে ১৬১০টি, মারাত্মকভাবে ১৬৩৩টি এবং আংশিকভাবে ১৭ হাজার ৪৬টি ঘরের ক্ষতি হয়েছে । আঠারো মুড়ায় বৃষ্টি ও ভূমি ধ্বসে ৮ নম্বর জাতীয় সড়কের যে অংশে ফাটল ধরেছিল তা মেরামতের পর, আজ থেকে হালকা যান চলাচল পুনরায় শুরু হয়েছে।

******************

**Flood situation -2:**

এদিকে, মহাকরণে আজ বিকেলে এক সাংবাদিক সম্মেলনে রাজ্য সরকারের বিদ্যালয় শিক্ষা ও উচ্চ্ শিক্ষা এবং এস সি ই আর টি

অধিকর্তাগন  জানান, রাজ্যে ২৩৯ টি স্কুলে ত্রান শিবির খোলা হয়, এছাড়া ২০৯টি স্কুলের বন্যার জলে ক্ষতি হয়েছে । এর ফলে প্রথমিক হিসাব ১১ কোটি টাকা ক্ষতি হয়েছে । কৃষি দপ্তরের পক্ষ থেকে পৃথক সাংবাদিক সম্মেলনে কৃষি সচিব অপূর্ব রায় জানান, ৭৭৫ কোটি ৭৬ লক্ষ টাকার ধান চাষের ক্ষতি হয়েছে । ২৪২ কোটি ১৫ লাখ টাকার শাক সবজি ক্ষতি হয়েছে। মৎস্য ও পশুপালন দপ্তরের পক্ষ থেকে দপ্তরের সচিব দীপা নায়ার জানান, ১৪৫৪ টি গবাদি পশুর মৃত্যু হয়েছে । ২ লক্ষ ৫৩ হাজার ৫০০টি পোল্ট্রি মুরগি ও হাঁসের মৃত্যু হয়েছে। ১৩৮২টি শুকর ও ছাগলের মৃত্যু হয়েছে । সব মিলিয়ে ২৩ কোটি ৫০ লক্ষ টাকার ক্ষতি হয়েছে প্রথমিক হিসাব অনুযায়ী । এছাড়া মৎস্য চাষে প্রাথমিকভাবে ক্ষতির পরিমান ১৪৪ কোটি টাকারও বেশি বলে জানানো হয় ।

******************

**Governor:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ রাজধানীর প্রতাপগড় ইংরেজী মাধ্যম উচ্চ বিদ্যালয়ে গড়ে উঠা অস্থায়ী ত্রাণ শিবির পরিদর্শন করেন। সেখানে আশ্রয় নেওয়া বন্যা পীড়িত সাধারণ মানুষের সাথে কথা বলেন, শিবিরের যাবতীয় ব্যবস্থাপনা খতিয়ে দেখেন। বন্যা পরিস্থিতি মোকাবেলায় কেন্দ্র ও রাজ্য সরকারের ভূমিকায় তিনি সন্তোষ ব্যক্ত করেন। রাজ্যপালের সাথে ছিলেন আগরতলার ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত।

******************

**CM-Indranagar:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বন্যাদুর্গতদের রক্ষা করতে গিয়ে নিহত আগরতলার ইন্দ্রনগর এলাকার  চিরঞ্জিত দে-র বাড়িতে যান। মুখ্যমন্ত্রী শোকসন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। মুখ্যমন্ত্রী রাজ্য সরকারের পক্ষ থেকে আর্থিক সহায়তা হিসেবে চার লক্ষ টাকার চেক তুলে দেন। সেই সঙ্গে প্রয়াতের মা ও বাবা দুইজনকেই সামাজিক ভাতার অন্তর্ভুক্ত করার জন্য এবং বসত ঘরটি মেরামতের জন্য জেলা শাসককে নির্দেশ দেন। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরার জেলাশাসক ডঃ বিশাল কুমার প্রমুখ।

******************

**Ex CM VISIT:**

প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার আজ গোমতী জেলার অমরপুর ও উদয়পুর মহকুমার সাম্প্রতিক ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন l দুই মহকুমার ত্রাণ শিবিরে আশ্রিত পরিবারগুলির সঙ্গে কথা বলেন l

এদিকে, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ দক্ষিন জেলার শান্তিরবাজার, জোলাইবাড়ি ও সাব্রুম বিধানসভা এলাকার বিভিন্ন বন্যা কবলিত এলাকা সফর করেন।

তিনি শান্তিরবাজারের অশ্বিনী ত্রিপুরা পাড়ার মাটি ধসে মৃত্যু হওয়া পরিজনদের সঙ্গে কথা বলে তাদের সমবেদনা জানান।

******************

**BJP:**

প্রদেশ বিজেপি কার্যালয়ে আজ দলের সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের শুরুতেই, বন্যায় যারা প্রাণ হারিয়েছেন তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে নীরবতা পালন করেন। বৈঠকে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা, সাংসদ বিপ্লব কুমার দেব, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য প্রমুখ। বৈঠকে ত্রিস্তরীয় পঞ্চায়েতে নির্বাচিত প্রতিনিধিদের দায়িত্ব বন্টন নিয়ে আলোচনা হয়।

******************

**Congress:**

বন্যাজনিত পরিস্থিতিতে কেন্দ্রীয় সরকারের প্রতি রাজ্যের জন্য বিশেষ আর্থিক প্যাকেজ ঘোষণার আবেদন রাখেন বিধায়ক সুদীপ রায় বর্মন। আজ প্রদেশ কংগ্রেস ভবনে এক সাংবাদিক সম্মেলন মুখ্যমন্ত্রীর আহ্বানে গতকাল অনুষ্ঠিত সর্বদলীয় বৈঠকের আলোচ্য বিষয় এবং বন্যাজনিত পরিস্থিতি প্রসঙ্গে বলতে গিয়ে তিনি একথা বলেন। শ্রী বর্মন প্লাস্টিক ক্যারি ব্যাগ সহ ফ্লেক্স ব্যবহারে নিয়ন্ত্রণ আনতে রাজ্য সরকারের প্রতি আহ্বান জানান। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা।

******************

**Flood Sepahijala:**

সিপাহীজলা জেলার বিশালগড় মহকুমার বন্যা পরিস্থিতির উন্নয়ন হলেও এখনও উন্নতি হয়নি সোনামুড়া মহকুমার বন্যা পরিস্থিতি। বিশালগড়ের মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী জানিয়েছেন বিশালগড়ে এখনও কিছু এলাকা জলমগ্ন হয়ে রয়েছে।

সোনামুড়ার মহকুমা শাসক অরুপ দেব জানিয়েছেন মহকুমায় ৩৩টি ত্রাণ শিবির খোলা হয়েছিল সেগুলি এখনো চালু রয়েছে।

******************

**Relief:**

আজ কৈলাশহরের চন্ডীপুর, দুর্গাপুর ও জলাই এলাকায় বন্যা দুর্গত ১৫০টি পরিবারের মধ্যে চাল, ডাল সহ নিত্য ভোগ্যসামগ্রী রামকৃষ্ণ মিশন আশ্রমের পক্ষ থেকে বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন, রামকৃষ্ণ মিশন আশ্রমের সম্পাদক স্বামী গিরিজানন্দজী মহারাজ, স্বামী মতীশানন্দজী মহারাজ প্রমুখ।

******************

**Damage of Crops:**

সাম্প্রতিক প্রবল বন্যায় কৈলাশহর মহকুমাতে আট হাজার পাঁচশ ষোল জন কৃষক বন্যায় ক্ষতিগ্রস্থ হয়েছেন।

কৃষি তত্বাবধায়ক পরাগ রায়চৌধুরী জানান, মহকুমার ৪১৩২ হেক্টর জমির ফসল বন্যার কবলে পড়ে বিনষ্ট হয়েছে। সবমিলিয়ে মহকুমায় ক্ষয়ক্ষতির পরিমাণ 36 কোটি ৪0 লক্ষ টাকা বলে তিনি জানান।

******************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মহারাষ্ট্রের জলগাঁওয়ে ১১ লক্ষ নতুন লাখপতি দিদিকে শংসাপত্র প্রদান করেছেন। প্রধানমন্ত্রী তাঁদেরকে সম্ভর্ধনা জানান এবং তাঁদের সাথে ব্যবসার বিষয়ে আলোচনা করেন।

******************

**Weather:**

দক্ষিন জেলায় আগামী ২৪ ঘন্টায় ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া অন্যান্য জেলাগুলিতে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ও সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ দশমিক দুই ডিগ্রী সেলসিয়াস।

******************

**Barpathari Football:**

আজ বড়পাথরী দ্বাদশ স্কুল মাঠে সোনাপুর ব্লাড মাউথ ক্লাব আয়োজিত ভুলন মজুমদার স্মৃতি নক আউট ফুটবল টুর্নামেন্টের প্রথম রাউন্ডের চতুর্থ ম্যাচে পতিছড়ির Y F C ১- ০ গোলে হেথালিয়া B F দলকে পরাজিত করে। বিজয়ী দলের পক্ষে একমাত্র গোলটি করেন রাজেন জমাতিয়া।

******************

******************